



বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন শাখা, পর্যটন ভবন, প্লট: ই-৫ সি/১,
পশ্চিম আগারগাঁও, শেরে বাংলা নগর প্রশাসনিক
এলাকা, ঢাকা - ১২০৭।



সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সংক্রান্ত ৪র্থ সভার কার্যবিবরণী

| | |
|------------|--|
| সভাপতি | মোহাম্মদ মাহফুজুর রহমান মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এবং APA টিম প্রধান, বাপক |
| সভার তারিখ | ২৩-০৬-২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | 'ঐকতান' সভাকক্ষ, বাপক, প্রধান কার্যালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি অংশগ্রহণকারী সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম সূচনা করেন। অতঃপর সভাপতি উপব্যবস্থাপক (প্রশাসন) ও বাপক-এর APA টিমের ফোকাল পয়েন্ট জনাব রাকিবুল হাসান-কে সভা সঞ্চালনা, সভা আহবানের উদ্দেশ্য ও অন্যান্য বিষয় বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করেন।

সভাপতির নির্দেশনা অনুসরণে জনাব হাসান ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের কার্যক্রম [১.৪]-এর লক্ষ্যমাত্রা অর্জনে (এপ্রিল-জুন, ২০২১) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আয়োজিত সেবাগ্রহীতাদের অবহিতকরণ সংক্রান্ত সভায় অংশগ্রহণকারীদের উন্মুক্ত আলোচনার আহবান জানান।

২। সভায় উপস্থিত জনাব শাকের হোসেন, ব্যবস্থাপক (প্রশিক্ষণ), এনএইচটিটিআই, বাপক, ঢাকা বলেন, এনএইচটিটিআই-এর ভবনের সংস্কার কার্যক্রম শেষ পর্যায়ে। সেখানে ইতোমধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত একটি বোর্ড রয়েছে, তবে সেটি সংস্কার কাজের জন্য হালনাগাদ করা হয়নি। অচিরেই বোর্ডটি হালনাগাদের কার্যক্রম গ্রহণ করা হবে বলে সভাকে অবহিত করেন। এছাড়া জনাব নুসরাত গনি, ব্যবস্থাপক (প্রশাসন), প্রধান কার্যালয়, বাপক, ঢাকা বলেন বাপক-এর ওয়েবসাইট-এ প্রশাসনিক মন্ত্রণালয়-এর নির্দেশনামতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ছকটি হালনাগাদের কার্যক্রম চলমান আছে। অচিরেই উক্ত কার্যক্রম সম্পন্ন হবে বলে তিনি জানান।

জনাব মোঃ সাবির উদ্দিন আহমেদ, ইউনিট ব্যবস্থাপক, জাতীয় চিড়িয়াখানা রেস্টোরাঁ, বাপক, ঢাকা বলেন সেবা প্রদান করাই বাপক-এর মূল উদ্দেশ্য। সে হিসেবে শুধুমাত্র দাপ্তরিক কাজ করলেই উক্ত দায়িত্ব শেষ হয়ে যায় না। জনগণের কাছে জবাবদিহিতা এবং সর্বোচ্চ সেবা নিশ্চিত করতে তিনি আচরণগত উৎকর্ষ সাধনের প্রতি গুরুত্বারোপ করেন। প্রসঙ্গত জনাব সাজেদুল কবির, উপব্যবস্থাপক (পরিবহন-১), প্রধান কার্যালয়, বাপক, ঢাকা সহজ অথচ অত্যন্ত কার্যকর কতগুলো সেবা নিশ্চিতকরণের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করেন।

৩। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) চলতি অর্থবছরের কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে হবে;

(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত 'সিটিজেন চার্টার' হালনাগাদকরণ, ওয়েবসাইটে ও দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ মাহফুজুর রহমান
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এবং
APA টিম প্রধান, বাপক


স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.০৬.০০৪.২০.২৭৭

তারিখ: ১০ আষাঢ়. ১৪২৮

২৪ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৩) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৪) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) অধ্যক্ষ (এনএইচটিটিআই) (ভারপ্রাপ্ত), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক, (সকল), বাংলাদেশ পর্যটন করপোরেশন



রাকিবুল হাসান
উপব্যবস্থাপক (প্রশাসন) এবং APA
ফোকাল পয়েন্ট, বাপক